

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ/ ২৬ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ২৩৯-আইন/২০২০।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জয়পুরহাট জেলার জয়পুরহাট পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে জয়পুরহাট সদর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা:—

তফসিল

ক্র. নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
০১	০৭ নং বম্বু	বম্বু	১৭৯	৫০১—৬৯৭
০২	০৭ নং বম্বু	হানাইল বম্বু	১৫৫	১৯২—৬৯৫
০৩	০৫ নং পুরানাপৈল	গোপিনাথপুর	১৪৪	০১ হতে ৫০৮ সাকুল্য মৌজা
০৪	০২নং দোগাছী	বুজরুক ভারুনিয়া	১০১	০১ হতে ৪৫৭ সাকুল্য মৌজা

(৮৪৯৯)

মূল্য : টাকা ৪.০০

০২। উক্ত আইনের ধারা ৩ এ উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরি-উক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপে উত্থাপিত আপত্তি তিন মাসের মধ্যে নিষ্পন্ন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব।